



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.২১(অংশ).২০২

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০
২০ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৪র্থ গণবিজ্ঞপ্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ/ নিরাপত্তা কার্যক্রম চলমান অবস্থায় নিয়োগ সুপারিশ প্রদান সংক্রান্ত।

সূত্র : ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০২.২২-৩৪৫, তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪র্থ গণবিজ্ঞপ্তির পরম্পরায় এনটিআরসিএ কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত ২৭,৭৫৪ (সাতাশ হাজার সাতশত চুয়ান্ন) জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ প্রদানের জন্য মন্ত্রণালয়ের অনুমোদন চাওয়া হয়। এই পর্যায়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯২৮৫/২০২৩ এ স্টেট আদেশ (Stay Order) হয়। উক্ত আদেশ ভ্যাকেট করার জন্য এনটিআরসিএ কর্তৃক আপীল বিভাগে আবেদন করা হয়। সিভিল পিটিশন ফর লিভ টু আপীল ২৭৯৬/২০২৩ দায়ের হয়। এতে রিট পিটিশন নং-৯২৮৫/২০২৩ এর আদেশটি ০৮ সপ্তাহের জন্য স্থগিত হয়। লিভ টু আপিলের আদেশ নিম্নরূপ:

‘Stay, as prayed for, is granted for 8(eight) weeks from date.

“However, the leave petitioner is directed to reserve 20(twenty) posts”.

২.০ এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টে আপীল বিভাগের উপরোক্ত আদেশ প্রতিপালনার্থে, সমগ্র দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক সংকট দূরীকরণে ৪র্থ গণবিজ্ঞপ্তির আওতায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ/ নিরাপত্তা ভেরিফিকেশন চলমান অবস্থায় নিম্নোক্ত শর্তে এনটিআরসিএ কর্তৃক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ সুপারিশ প্রদানের নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

শর্তসমূহ:

- নিয়োগ সুপারিশপ্রাপ্ত কোনো শিক্ষকের ব্যাপারে সংশ্লিষ্ট এজেন্সি কর্তৃক ভেরিফিকেশনে কোনো বিরূপ মন্তব্য/ আপত্তি উত্থাপিত হলে অবিলম্বে উক্ত সুপারিশপত্র বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীকে চাকরি থেকে অব্যাহতি প্রদান করতে হবে;
- প্রার্থীর পুলিশ/ নিরাপত্তা ভেরিফিকেশন বিরূপ মন্তব্য পাওয়া গেলে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ) মন্ত্রণালয়কে অবহিত করবে এবং
- বিরূপ মন্তব্যসম্পন্ন শিক্ষককে অব্যাহতি দেয়ার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ও প্রার্থীকে জানাবে।


(মোহাম্মদ সুহেল মাহমুদ)

উপসচিব

ফোন: ৫৫১০১০৩২

nongovt.secondary.sec2@shed.gov.bd

চেয়ারম্যান

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, (লেভেল-৪), ৩৭/ ৩/ এ ইক্সটন গার্ডেন রোড

রমনা, ঢাকা।

চলমান পাতা-০২

পাতা নং-০২

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.২১(অংশ).২০২

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০
২০ সেপ্টেম্বর ২০২৩

সদয় কার্যার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব-এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/ সংরক্ষণ কপি।


(মোহাম্মদ সুহেল মাহমুদ)
উপসচিব